

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাণিসম্পদ অফিসার কার্যালয়
জয়পুরহাট।
dls.joypurhat.gov.bd

স্মারক নং- ৩৩.০১.৩৮০০.০০০.১৬.০৫৫.২৩.৪১৫

তারিখ : ১৫/০৫/২০২৩ খ্রিঃ।

বিষয় : শেফালী ফিডের মোড়কের পরিবর্তে কর্ণফুলি ফিড পোল্ট্রি খাদ্যের মোড়কে পোল্ট্রি খাদ্য তৈরির ব্যাখ্যা প্রদান সংক্রান্ত।

সূত্রঃ ১২ মে ২০২৩ ইং তারিখে চ্যানেল ২৪- এ প্রচারিত সার্চলাইট প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক জানানো যাচ্ছে যে, ১২ মে ২০২৩ ইং তারিখে চ্যানেল ২৪- এ প্রচারিত সার্চলাইট প্রতিবেদনে দেখা যায় আপনার সাহেলা এগ্রো ইন্ডাস্ট্রিজ লিঃ এর শেফালী ফিড নামীয় মোড়কের পরিবর্তে কর্ণফুলি ফিড পোল্ট্রি খাদ্যের মোড়ক ব্যবহার করে পোল্ট্রি খাদ্য উৎপাদন করেছেন যা মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন ২০১০ এবং পশুখাদ্য বিধিমালা ২০১৩ মোতাবেক দন্ডনীয় অপরাধ।

এমতাবস্থায় কেন আপনার প্রতিষ্ঠানের নামে প্রদত্ত লাইসেন্সটি স্থগিত/বাতিলের জন্য মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হবে না তাঁর সন্তোষজনক ব্যাখ্যা পত্র প্রাপ্তির ৩ (তিন) কর্ম দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য বলা হলো।

প্রাপক

ব্যবস্থাপনা পরিচালক
সাহেলা এগ্রো ইন্ডাস্ট্রিজ লিঃ
ভেটি, জামালগঞ্জ রোড, জয়পুরহাট।

(ডাঃ মোঃ মাহফুজার রহমান)
জেলা প্রাণিসম্পদ অফিসার
জয়পুরহাট।
১৫/৫/২৬

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, জয়পুরহাট সদর, জয়পুরহাট।

সদয় অনুলিপিঃ

১। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
২। অফিস কপি।